

Joint Press Release on the 8th Brazil-India Joint Commission Meeting (August 24, 2022)

August 27, 2022

অষ্টম ব্রাজিল-ভারত যৌথ কমিশন বৈঠকের (অগাস্ট 24, 2022) যৌথ প্রেস বিবৃতি অগাস্ট 27, 2022

24শে অগাস্ট 2022-এ নিউ দিল্লিতে অষ্টম ব্রাজিল-ভারত যৌথ কমিশন বৈঠক (জেসিএম) অনুষ্ঠিত হয়েছে। বৈঠকটির যুগ্ম পৌরোহিত্য করেছেন ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শংকর এবং ব্রাজিলের বিদেশমন্ত্রী শ্রীযুক্ত কার্লোস আলবার্তো ফ্র্যাংকো ফ্র্যাংকা।

2. বিদেশমন্ত্রী হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত জাইর বোলসেনারো-র ভারতে তার 2020 সালের 25-27শে জানুয়ারী রাষ্ট্রীয় সফরের কথা স্মরণ করেছেন। সেইসময় তিনি ভারতের প্রজাতন্ত্র দিবস উদযাপনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। সফরের ফলাফল দুই দেশের মধ্যে উন্নততর সম্পর্ক স্থাপনের ভিত্তি প্রদান করেছে। 15ই অগাস্ট আইএনএস তারকাশ-এ স্বাধীনতার 75 তম বার্ষিকী উদযাপনকে অলংকৃত করার জন্য তিনি প্রেসিডেন্ট বোলসেনারোকে ধন্যবাদ জ্ঞাপনও করেছেন।

3. 2006 সালে গঠিত হওয়া কৌশলগত অংশীদারিত্ব কয়েক বছর ধরে বিভিন্ন ক্ষেত্রে গভীর হয়েছে। অংশীদারিত্বের ভিত্তি হল বন্ডিত গণতান্ত্রিক আদর্শ, একটি অভিন্ন বৈশ্বিক দৃষ্টিভঙ্গি এবং তাদের জনগণের কল্যাণের জন্য সামাজিক অন্তর্ভুক্তি সহ অর্থনৈতিক অগ্রগতিকে লালন পালন করা ও স্থিতিশীল উন্নয়নের প্রতি প্রতিশ্রুতিবদ্ধতা। দুটি দেশ, রাষ্ট্রপুঞ্জ এবং বহুপাক্ষিক ফোরাম, যেমন জি20, ব্রিকস, আইবিএসএ, বেসিক ও জি4 সহ বহুপাক্ষিক সংস্থাগুলিতে ব্যাপক সহযোগিতাও করেছে।

4. দুই মন্ত্রী দ্বিপাক্ষিক সম্পর্কের আগাগোড়া আলোচনা করেছেন। তারা বাণিজ্য ও অর্থনৈতিক সম্পর্কের পর্যালোচনা করেছেন এবং কোভিড-19 অতিমারির চ্যালেঞ্জ থাকা স্বত্বেও দ্বিপাক্ষিক বাণিজ্যের স্থায়ী অগ্রগতির জন্য তাদের সন্তোষ প্রকাশ করেছেন। 2021 সালে তার আগের বছরের তুলনায় মোট দ্বিপাক্ষিক বাণিজ্য 63.5% বৃদ্ধি পেয়ে 11.53 মার্কিন ডলার হয়েছে এবং ভারত ব্রাজিলের পঞ্চম বৃহত্তম বাণিজ্য শরিক হয়েছে। তারা বৃদ্ধির প্রচুর সম্ভাবনা এবং দ্বিপাক্ষিক বাণিজ্যের বৈচিত্রতার কথা উল্লেখ করেছেন এবং বেসরকারি সেক্টরগুলিকে নিজ নিজ ক্ষেত্রে সুযোগের অনুসন্ধান করার জন্য অনুরোধ করেছেন।

5. দ্বিপাক্ষিক বাণিজ্য সম্পর্কিত বিষয় নিয়ে সুযোগমত অতিদ্রুত ব্রাসিলিয়াতে ভারত-ব্রাজিল ট্রেড মনিটরিং মেকানিজম (টিএমএম)-এর ষষ্ঠ বৈঠক করার গুরুত্ব উপরে মন্ত্রীরা জোরারোপ করেছেন। উপরন্তু, দুই মন্ত্রী ভারত-এমইআরসিওএসইউআর প্রেফারেন্সিয়াল ট্রেড চুক্তির সুযোগের

দ্রুত সম্প্রসারণের প্রতি তাদের সমর্থন ব্যক্ত করেছেন।

6. মন্ত্রীরা খাদ্য সুরক্ষার উন্নতির জন্য কৃষি ও পশুসম্পদ উৎপাদনে ও বাণিজ্যের গুরুত্বকে স্বীকার করেছেন। এই পরিপ্রেক্ষিতে, কৃষি ও পশুসম্পদ বাণিজ্যের উপরে একটি কারিগরি কমিটি স্থাপনে উভয় দেশের সম্পর্কিত কর্তৃপক্ষের আগ্রহকে তারা স্বাগত জানিয়েছেন, যার লক্ষ্য হল সুনির্দিষ্ট বাজারে প্রবেশের সমস্যার মোকাবিলা করা, স্বাস্থ্যবিধান ও স্বাস্থ্যবিধান বিজ্ঞান ব্যবস্থা ও নিয়ন্ত্রন ব্যবস্থা এবং এই ক্ষেত্রে তথ্য, বিশেষ জ্ঞান এবং অভিজ্ঞতার আদানপ্রদান।

7. আই টি পরিষেবা ও সরঞ্জাম, যন্ত্রপাতি, শক্তি, অটো পার্টস, প্রতিরক্ষা সরঞ্জাম, ফিনটেক এবং স্বাস্থ্যপরিচর্যার সরঞ্জাম ক্ষেত্রে ব্রাজিলীয় বিনিয়োগের কথা ভারতের বিদেশমন্ত্রী উল্লেখ করেছেন। ব্রাজিলের বিদেশমন্ত্রী স্বীকার করেছেন যে উল্লেখযোগ্য সংখ্যার ভারতীয় কোম্পানি ব্রাজিলের বিভিন্ন ক্ষেত্রে বিনিয়োগ করে চলেছে যেমন, তেল, খনি, ইঞ্জিনিয়ারিং, ট্রাক্টর উৎপাদন, তথ্য প্রযুক্তি, ফার্মাসিউটিক্যালস, কৃষিরাসায়নিক এবং শক্তি সম্প্রচারন। দুই মন্ত্রী ব্রাজিল এবং ভারত উভয়দেশে যে কোম্পানিগুলি বিনিয়োগ করেছে সেগুলির সম্প্রসারণের সম্ভাবনার বিষয়ে সহমত হয়েছেন।

8. মন্ত্রীরা ব্রাজিল এবং ভারতের মধ্যে আয়ের উপরে করে পরিপ্রেক্ষিতে কনভেনশনের সংশোধনী এবং আর্থিক ফাঁকি প্রতিরোধের প্রোটোকলের স্বাক্ষরকে স্বাগত জানিয়েছেন (দৈনিকর চুক্তির প্রটোকল) যা কোম্পানিগুলিকে প্রতিযোগী মনোভাবকে বৃদ্ধি করবে এবং দুই দেশের মধ্যে নতুন নিয়োগকে পোষণ করবে।

9. উভয় পক্ষ, ইথানল উৎপাদনে, গবাদি পশু প্রজনন এবং ডেয়ারি উন্নয়নে দ্বিপাক্ষিক সম্পর্কের সাম্প্রতিক অগ্রগতিতে তাদের সন্তোষ প্রকাশ করেছে। তারা প্রতিরক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি এবং স্বাস্থ্য সম্পর্কিত ক্ষেত্রে সহযোগিতার স্তরকে বৃদ্ধি করতে তাদের তীব্র ইচ্ছাও ব্যক্ত করেছেন। এই পরিপ্রেক্ষিতে, অতিমারির সময়ে কোভিড-10 সরবরাহ করার জন্য ব্রাজিলের তরফ থেকে ভারত সরকারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়েছে।

10. এই পরিপ্রেক্ষিতে, জৈবশক্তি ও জৈবজ্যেয়ালানী ক্ষেত্রে সহযোগিতার অগ্রগতিতে উভয় নেতা তাদের সন্তোষ ব্যক্ত করেছেন। তারা 2022 সালে ব্রাজিলের খনি ও শক্তি মন্ত্রীর ভারত সফরের কথা উল্লেখ করেছেন এবং সেইসময় জৈবশক্তি ও জৈবজ্যেয়ালানীর জন্য ভারত-ব্রাজিল জোট স্থাপনের উদ্দেশ্যে কাজ করার জন্য যে কথা হয়েছিল, সেই কথার প্রতিধ্বনি করেছেন। তারা এই খাতে আরও সহযোগিতার সম্ভাবনার পাশাপাশি স্থিতিশীল উন্নয়ন অর্জনে এর গুরুত্বপূর্ণ ভূমিকার কথা স্বীকার করেছেন।

11. 2022 সালে যখন রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে উভয় দেশ একসাথে নির্বাচিত সদস্য হয় তখন দুই দেশের মধ্যে ঘনিষ্ঠ সমন্বয়ের দুই মন্ত্রী প্রশংসা করেন। তারা রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদের ব্যাপক সংস্কারের দ্রুত প্রয়োজনীয়তাকে পুনর্নিশ্চিত করেন, বিশেষ করে আন্তর্জাতিক শান্তি ও সুরক্ষার সমসাময়িক চ্যালেঞ্জের প্রতি কার্যকরি ও দায়িত্বশীল হবার ক্ষেত্রে একে আরও প্রতিনিধিত্বমূলক করে তোলার জন্য স্থায়ী এবং অস্থায়ী উভয় ক্ষেত্রে এর সম্প্রসারণের জন্য।

12. উভয় মন্ত্রী জি20-র গুরুত্ব উপরে রেখাপাত করেন এবং আসন্ন ভারত (2023) এবং ব্রাজিল (2024) -এর সভাপতিত্বের সময় ঘনিষ্ঠ সহযোগিতাতে সম্মত হন।

13. মন্ত্রী ফ্রাংকা এবং জয়শংকর, বিকাশশীল দেশগুলির স্বার্থে এবং দক্ষিণ - দক্ষিণ সহযোগিতার পক্ষে আইবিএসএ-তে নতুন উদ্যম জোগাতে সম্মত হন, যা ভারত, ব্রাজিল, এবং দক্ষিণ আফ্রিকা এই তিন দেশের তিনটি বৃহৎ গণতান্ত্রিক, বহুস্ববাদী এবং বৈচিত্র্যময় সমাজকে একত্রিত করে। উভয় মন্ত্রী ব্রিক্স (বিআরআ সিএস)-এর অধীনে সহযোগিতাকে স্বাগত জানিয়েছেন যা প্রতিশঠার পর থেকে উভয় দেশের জন্য অর্থবহ ফলাফল প্রদান করেছে।

14. মন্ত্রীরা বিভিন্ন প্ল্যাটফর্মে প্রয়োজনা করা তাদের নিজস্ব বিষয়বস্তু বিনিময়ের জন্য এমপ্রেস ব্রাসিল ডে কমিউনিকাকো (ইবিসি) এবং ভারতের প্রসার ভারতীর মধ্যে একটি সমঝোতা স্মারক (মো) স্বাক্ষরকে স্বাগত জানিয়েছেন। উভয় মন্ত্রী 2020-2023 সালে সংস্কৃতি বিনিময় অনুষ্ঠানের কথাও স্মরণ করেছেন এবং এর পৃষ্ঠপোষকতায় সাংস্কৃতিক ক্রিয়াকর্মের সংগঠনকে স্বাগত জানান, বিশেষ করে 2022-এর মে মাস থেকে জুলাই মাস অবধি নিউ দিল্লিতে “ব্রাসিলিয়া 60+ অ্যান্ড দ্য কম্প্রোকশন অব মডার্ন ব্রাজিল” প্রদর্শনীটিকে। পাশাপাশি আজাদি কা অমৃত মহোৎসব (স্বাধীনতার 75 বছর পূর্তী স্মরণে ভারত সরকার দ্বারা আয়োজিত ধারাবাহিক অনুষ্ঠান) -এর অধীনে 2021-এর মার্চ মাস থেকে আয়োজিত বিভিন্ন কার্যক্রমকে স্বাগত জানান।

15. যেহেতু ভারতের স্বাধীনতা লাভের 75 বছর পূর্তি (15 ই অগাষ্ট) এবং ব্রাজিলের স্বাধীনতার দ্বি শতবর্ষ (7ই সেপ্টেম্বর) উদযাপনের শুভ তারিখের কাছাকাছি সময়ে এই বৈঠকটি হয়েছিল সেই কারণে উভয় মন্ত্রী পরস্পরের প্রতি অভিনন্দন বিনিময় করেছেন। এই উপলক্ষ্যে ব্রাজিলের ডাক বিভাগ ভারতের স্বাধীনতার 75 বছর পূর্তি উপলক্ষ্যে একটি স্মারক ডাক টিকিট প্রকাশ করেছে। তারা আরও বলেছেন যে 2023 সালে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের 75 বছর উদযাপনের জন্য তারা উন্মুখ হয়ে আছেন।

16. মন্ত্রীরা যৌথ কমিশন বৈঠক কর্মসূচির গুরুত্ব উপরে জোর দিয়েছেন এবং একটি পারস্পরিক সুবিধাজনক তারিখে ভারতে 2024-এ পরবর্তী বৈঠক করতে সম্মত হয়েছে।

ব্রাসিলিয়া
অগাষ্ট 24, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.